



ইমদাদ-সিতারা খান বৃত্তি

স্পন্দনবি বাংলাদেশ অফিস

৩০২, মিরপুর রোড, শ্যামলী, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

Web: www.spaandanb.org, Email: mostafiz14@yahoo.com

Facebook page: IMDAD-SITARA KHAN SCHOLARSHIP WINNERS



ইমদাদ-সিতারা খান ফাউন্ডেশন এর অর্থায়নে প্রবাসী বাংলাদেশীদের সেবামূলক প্রতিষ্ঠান স্পন্দনবি ২০২০ সালে এসএসসি (বিজ্ঞান, মানবিক ও বাণিজ্য) পরীক্ষায় পাশ করে বর্তমানে এইচএসসি (শিক্ষাবর্ষ ২০২০-২০২১) বিজ্ঞান, মানবিক ও বাণিজ্য শাখায় অধ্যয়নরত মেধাবী অস্বচ্ছল ছাত্র/ছাত্রীদের কাছ থেকে ইমদাদ-সিতারা খান বৃত্তির জন্য দরখাস্ত আহবান করা যাচ্ছে। A4 সাইজ সাদা কাগজে আবেদন পত্র/নির্দিষ্ট ছকে (www.spaandanb.org ওয়েব সাইট থেকে পাওয়া যাবে) পূরণ করে তা চেয়ারম্যান, ইমদাদ-সিতারা খান বৃত্তি নির্বাচন কমিটি, ৩০২, মিরপুর রোড, শ্যামলী, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭ এই ঠিকানায় (কুরিয়ার/ডাকযোগে/সরাসরি অফিসে) আগামী ১৫ মার্চ, ২০২১ তারিখের মধ্যে পৌঁছাতে হবে।

আবেদনের যোগ্যতা (উচ্চ মাধ্যমিক পর্যায়) : বিজ্ঞান বিভাগের জন্য ৪র্থ বিষয় ছাড়া জিপিএ ৫, বানিজ্য বিভাগের জন্য ৪র্থ বিষয় ছাড়া জিপিএ ৪.৫ এবং মানবিক বিভাগের জন্য ৪র্থ বিষয় ছাড়া জিপিএ ৪.২৫ থাকতে হবে।

যে সব তথ্য আবেদন পত্রের সাথে অবশ্যই যুক্ত করতে হবেঃ

১. বর্তমানে অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নের প্রমাণপত্র/প্রত্যয়নপত্র (প্রতিষ্ঠানের প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক সত্যায়িত)।
২. এসএসসি এর মার্কশিট/ট্রান্সক্রিপ্ট এর ফটোকপি (অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক কর্তৃক সত্যায়িত)।
৩. সাম্প্রতিক তোলা ২ কপি পাসপোর্ট সাইজ ছবি (অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক কর্তৃক সত্যায়িত)।
৪. আবেদনকারী কেন নিজেই এই বৃত্তির যোগ্য মনে করেন ৩০০-৪০০ শব্দে তার বর্ণনা (স্বহস্তে বাংলায় লিখিত)।
৫. পাঠ্যক্রম বর্হিভূত কার্যক্রমের সাথে সম্পৃক্ত থাকলে প্রমাণপত্র/প্রত্যয়নপত্র (অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক কর্তৃক সত্যায়িত)।
৬. প্রার্থীর প্রদানকৃত তথ্যে কোন রকম অসঙ্গতি পাওয়া গেলে আবেদন বাতিল করা হবে।

বিস্তারিত তথ্য www.spaandanb.org ওয়েব সাইট, IMDAD-SITARA KHAN FOUNDATION SCHOLARSHIP ফেসবুক পেজ অথবা স্পন্দনবি বাংলাদেশ অফিস, ৩০২, মিরপুর রোড, শ্যামলী, ঢাকা-১২০৭ অফিসে পাওয়া যাবে অথবা ০২-৪৮১১৪৪৯৯, ০১৭১৩-০৩৬৩৬০, ০১৭৭৩-৬১০০০৯ নম্বরে যোগাযোগ করুন।

বিশেষ দ্রষ্টব্যঃ লিখিত বর্ণনাতে অন্যান্য তথ্যের সাথে ব্যয়ের খাতগুলো উল্লেখ্য করতে হবে এবং কোন কোন আয়ের উৎস থেকে সেগুলো পূরণ করা হয় তার উল্লেখ্য থাকতে হবে।